# কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা- ৩৫০৬

স্মারক নং-কু:বি:/প্রশা.রেজিস্ট্রার/বৃত্তি (ছাত্র-ছাত্রী)/০৭৬/২০০৮/ ১২৫৩

তারিখ: ০১/০৮/২০২২খ্রি.

**"প্রধানমন্ত্রী স্বর্ণপদক" ২০১৯ ( পুন:রায়),২০২০ এবং ২০২১ এর জন্য দরখাস্ত আহবান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইউজিসি কর্তৃক সংশোধিত নীতিমালা অনুযায়ী "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" ২০১৯ (পুন:রায়),২০২০ এবং ২০২১ এর জন্য মনোনয়ন আহবান করা হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয় হতে যে সমস্ত শিক্ষার্থীগণ ২০১৯ (পুন:রায়),২০২০ এবং ২০২১ সালের অর্থাৎ যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্ব স্ব অনুষদে সর্বোচ্চ নম্বরধারীরা সংশ্লিষ্ট ডিন অফিসের মাধ্যমে ১০ আগষ্ট ২০২২ সালের মধ্যে ইউজিসি'র বিজ্ঞপ্তিতে চাহিত সকল কাগজপত্র সমূহ রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় পৌঁছানোর জন্য আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, ইতোপূর্বে ২০১৯ সালে প্রেরিত তালিকা পুন:রায় পূর্বের নিয়মে ( ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ১০% যোগ ব্যতীত) প্রেরণ করতে হবে। এ মর্মে ২০১৯ সালে যারা প্রধানমন্ত্রী স্বর্ণপদকের জন্য আবেদন করেছিল তাদেরকে পুন:রায় আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

যাঁরা "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" ২০১৯ (পুন:রায়),২০২০ এবং ২০২১ এর জন্য ডিন ও বিশ্ববিদ্যালয় কর্তৃক চুড়ান্তভাবে মনোনীত হবে তাঁদেরকে ইউজিসি'র শর্ত ৪ (চার) অনুযায়ী ইউজিসি-র ওয়েবসাইট (www.ugc.gov.bd) এ সম্মাননা সেবাবক্সের "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" লিংকে "প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯ (পুন:রায়),২০২০ এবং ২০২১ "-এর জন্য অনলাইন আবেদন ফরম অবশ্যই পূরণ করতে হবে।

**ইউজিসি'র বিজ্ঞপ্তি সংযুক্ত তালিকা ৩ (তিন) পাতা দ্রষ্টব্য।**

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

০১/০৮/২০২২

(মোঃ দলিলুর রহমান )
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

০১/০৮/২২

**প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ:**

১। **বিভাগীয় প্রধান** গণিত/ সিএসই/ আইসিটি/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ অর্থনীতি/ লোক প্রশাসন/ নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব/ ইংরেজি/ বাংলা/ মার্কেটিং/ এআইএস/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ আইন/ গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ কু.বি.।
(উত্তীর্ণ সকল শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহকারে)

২। আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।

৩। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।

৪। সকল নোটিশ বোর্ড, কু:বি:।

**অনুলিপি:**

১। ডিন, বিজ্ঞান/প্রকৌশল/সামাজিক বিজ্ঞান/কলা ও মানবিক/বিজনেস স্টাডিজ/আইন অনুষদ, কু.বি.।

২। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।

৩। অফিস কপি।

F:\A.R (M) File\Stipend File\Stipend Notice.doc

(অতীব জরুরি)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৪১.০০১.২০.

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯, ২০২০ এবং ২০২১ প্রদানের জন্য মনোনয়ন আহবান।**

অত্যন্ত আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, **প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯, ২০২০ এবং ২০২১** এর জন্য দেশের সকল পাবলিক এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের মনোনয়ন আহবান করা যাচ্ছে।

২। ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে ১৬-০১-২০১৭ খ্রি. কমিশন কর্তৃক অনুমোদিত প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান সংক্রান্ত নীতিমালা (সংশোধনী) অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাক্রমে ২০১৯, ২০২০ ও ২০২১ সালের জন্য পৃথকভাবে মনোনয়ন প্রদান করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় থেকে মনোনীত মেধাবী শিক্ষার্থীদের তালিকা প্রাপ্তির পর কমিশন কর্তৃপক্ষ চূড়ান্ত মনোনয়ন দিবেন।

৩। মনোনীত প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাংলা ও ইংরেজিতে স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র **(শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের নাম, অনুষদের নাম, বিভাগের নাম, ডিগ্রির নাম ও ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক)** পত্রপ্রাপ্তির ১৫ দিনের মধ্যে অবশ্যই পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর হার্ডকপি ডাকযোগে ও সফটকপি (director_research@ugc.gov.bd) ইমেইলে জরুরীভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। কমিশন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত মনোনয়ন তালিকা ইউজিসি ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তালিকা প্রকাশের পর নির্দেশনা অনুযায়ী মনোনীত শিক্ষার্থী কর্তৃক আবেদনপত্র পূরণপূর্বক হার্ডকপি ডাকযোগে ও সফটকপি (director_research@ugc.gov.bd) ইমেইলে জমা দিতে হবে।

৫। ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)- এ সম্মাননা সেবাবক্সের **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'** লিংক থেকে নীতিমালা ও প্রয়োজনীয় তথ্যাদি ডাউনলোড করা যাবে।

৬। এছাড়া ২০১৯, ২০২০ ও ২০২১ সালের প্রত্যেক অনুষদের সকল বিভাগের সিন্ডিকেট/রিজেন্ট বোর্ড/একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত পরীক্ষার ফলাফলের কপিতে সর্বোচ্চ নম্বরধারী ৩(তিন) জনকে হাইলাইট করে মনোনয়নের সাথে কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৭। এছাড়াও সকল বিশ্ববিদ্যালয়কে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০২২' এর জন্য ভর্তি পরীক্ষার ফলাফল সংরক্ষন রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। উল্লেখ্য, কোভিড-১৯ এর কারনে কমিশন কর্তৃক 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯, ২০২০ এবং ২০২১' প্রদান অনুষ্ঠানটি একত্রে এ বছরের নভেম্বর-ডিসেম্বর মাসে সম্পন্ন করার জন্য আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

সংযুক্তি: বর্ণনামতে

প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)
ফোন: +৮৮-০২-৫৮১৬০২৩০
ইমেইল: ziaiut96@ugc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়/ইসলামী বিশ্ববিদ্যালয়/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/জগন্নাথ বিশ্ববিদ্যালয়/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়/কুমিল্লা বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়/সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বরিশাল বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়;

২) রেজিস্ট্রার, আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি, ঢাকা **(প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯, ২০২০ এবং ২০২১ এর জন্য আবেদন করতে পারবেন)**/ বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি/ অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ প্রিমিয়ার ইউনিভার্সিটি **(প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০২১ এর জন্য আবেদন করতে পারবেন)**;

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১) পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি ওয়েবসাইটের সম্মাননা সেবাবক্সের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' লিংকে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো);
২) একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬) নথি/মহানথি।

মোঃ জহিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৫৮১৬০১০০
ইমেইল: jahirul@ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

## ইউজিসি কর্তৃক প্রদত্ত "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" প্রদান সংক্রান্ত নীতিমালা (সংশোধনী)

অনুমোদনের তারিখ ১৬-০১-২০১৭

১। ইউজিসি কর্তৃক প্রণীত Form (তথ্য ছক) যথাযথ ভাবে পূরণ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক সীল স্বাক্ষর পূর্বক বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে। Form (তথ্য ছক) ইউজিসি'র ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

২। মনোনীত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক প্রত্যয়নপত্র স্বাক্ষর করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে।

৩। **পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে (জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত):**

(ক) যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(খ) যদি একই বছরে একই অনুষদের একাধিক সেশনের ফল প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে বিভিন্ন সেশনের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(গ) একই বছরে একই অনুষদ হতে প্রকাশিত ফলাফলে যদি একাধিক সমান নম্বর/সিজিপিএ পেয়ে থাকেন সে ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের শতকরা হার বিবেচনা করে মনোনয়ন করতে হবে।

(ঘ) স্নাতক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে সেই ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

(ঙ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল অনুষদ থেকে এমবিবিএস ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজনকে মনোনয়ন প্রদান করা যাবে।

৪। **জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে:**

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি পর্যায়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজনকে মনোনয়ন প্রদান করা যাবে।

৫। **প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে:**

স্থায়ী সনদপ্রাপ্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করা যাবে।

৬। যে সব বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না, সে সব বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে। কোন অনুষদে স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী একাধিক হলে সে ক্ষেত্রে স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং সম্মান পরীক্ষার ফলাফল একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

৭। পদক প্রদান মনোনয়নের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।